17

আজকের কাগজ

তারিখ 23 JUL 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

# অধ্যক্ষের কক্ষে তালা ঝুলানোর অভিযোগে ঈশ্বরগঞ্জের ডিএস আলিয়া মাদ্রাসার এক ছাত্রকে বহিষ্কার

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ ডিএস, আলীয়া মাদ্রাসার ছাত্র সংসদ নির্বাচন নিয়ে অধ্যক্ষের দুর্নীতির প্রতিবাদে অফিসে তালা দেয়ার অভিযোগে একজন প্রতিবাদকারী ছাত্রকে বহিষ্কার করা হয়েছে বলে জানা গেছে। ঈশ্বরগঞ্জ ডিএস আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ ছাত্র সংসদ নির্বাচনের প্রথম তারিখ নির্ধারণ করেন ১৬ জুলাই। অতঃপর অনিবার্য কারণ দেখিয়ে অধ্যক্ষ নির্বাচনের তারিখ পরিবর্তন করে আগামী ১৩ সেপ্টেম্বর পুনর্নির্ধারণ করেন। এবং ২৫ জুলাই মনোনয়ন জমা দেয়ার শেষ তারিখ ধার্য করেন। সংশ্লিষ্ট তারিখ মোতাবেক ছাত্ররা মনোনয়ন জমা দেয়ার প্রস্তুতি নিতে থাকে। অপর দিকে অধ্যক্ষ মাদ্রাসার একদল একদল ছাত্রের সঙ্গে গোপন আতাত করে পূর্ব নির্ধারিত তারিখ ১৬ জুলাই মোতাবেক বেআইনীভাবে প্যানেল গ্রহণ করেন এবং একতরফা ভাবে মনোনীত ঘোষণা করেন। অধ্যক্ষের দুর্নীতি ও পক্ষপাতিত্বের ফলে ছাত্র ছাত্রীদের মাঝে ব্যাপক উত্তেজনার সৃষ্টি হয়। এক পর্যায়ে বিক্ষুব্ধ ছাত্ররা গত ১২ জুলাই অধ্যক্ষের কার্যালয়ে তালা ঝুলিয়ে দেয়। পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়ায় মাদ্রাসা অনির্দিষ্ট সময়ের জন্য কর্তৃপক্ষ বন্ধ করে দেয়। অপর এক সূত্রে জানা গেছে, মাদ্রাসার অফিস কক্ষে তালা ঝুলানোর অপরাধে ফাজিল শ্রেণীর ছাত্র ইউসুফ আলী ভূঁঞার সাময়িক বহিষ্কারাদেশ নোটিশ বোর্ডে টানিয়ে দেয়া হয়। উক্ত মাদ্রাসার অধ্যক্ষের দুর্নীতির কারণে সংশ্লিষ্ট মাদ্রসা থেকে সিংহভাগ ছাত্র চলে গেছে বলে জানা যায়। এ ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষ সরেজমিন তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন বলে অভিভাবকসহ ছাত্ররা দাবি জানিয়েছে। ঈশ্বরগঞ্জ থেকে এমএ হালিম।